

# মিটফোর্ড হাসপাতাল 'শাটডাউন' ঘোষণা শিক্ষার্থীদের

অনলাইন ডেক্স



ফাইল ছবি

রাজধানীর স্যার সলিমুল্লাহ মেডিক্যাল কলেজ (মিটফোর্ড হাসপাতাল) 'শাটডাউন' ঘোষণা করেছেন শিক্ষার্থীরা। আজ রবিবার দুপুরে মেডিক্যাল কলেজ থেকে একটি বিক্ষোভ মিছিল বের করে এই ঘোষণা দেন তারা।

হাসপাতালের নিরাপত্তা নিশ্চিতে কার্যকর পদক্ষেপ না নেওয়া পর্যন্ত শাটডাউনের ঘোষণা দিয়েছেন শিক্ষার্থীরা। এ সময় মিটফোর্ডে বহিরাগতদের প্রবেশ ঠেকানো ছাড়াও ফুটপাতের দোকান উচ্ছেদ ও আনসার বাহিনীকে আরো সক্রিয় করার দাবি জানান শিক্ষার্থীরা।

এদিকে মিটফোর্ড হাসপাতাল চতুরে নিরাপত্তা সংকটের প্রতিবাদে এক দিনের কর্মবিরতি পালন করছেন ইন্টার্ন চিকিৎসকরা।

গত বুধবার (৯ জুলাই) মিটফোর্ডের (স্যার সলিমুল্লাহ মেডিকেল  
কলেজ) ৩ নম্বর গেইটের সামনে নৃশংসভাবে হত্যা করা হয়  
ভাঙারি ব্যবসায়ী লাল চাঁদ ওরফে সোহাগকে। এরপর থেকেই এই  
এলাকায় থমথমে পরিষ্কৃতি বিরাজ করছে।

প্রকাশ্যে এমন নৃশংস হত্যাকাণ্ডের বিচারের দাবিতে ইতোমধ্যে  
স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ হাসপাতালের শিক্ষার্থীরাসহ  
দেশজুড়ে বিক্ষেপ কর্মসূচি পালন করেছে ছাত্র-জনতা।